

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৭১৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِبِنَاءِ الْمَسْجِدِ فِي الدُّورِ وَأَنْ يُنْظَفَ وَيَطَيَّبَ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهَ

বাংলা

৭১৭-[২৯] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহল্লায় মসজিদ গড়ে তোলার, তা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ও এতে সুগন্ধি ছড়াবার হুকুম দিয়েছেন। (আবু দাউদ, তিরমিযী ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ৪৫৫, তিরমিযী ৫৯৪, ইবনু মাজাহ্ ৭৫৮, সহীহ আত্ তারগীব ২৭৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: দৃশ্যতঃ এখানে أمرٌ দ্বারা উদ্দেশ্য মুস্তাহাব, ওয়াজিব উদ্দেশ্য না।

يُنْظَفُ মসজিদকে পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখতে ইবনু মাজার বর্ণনায় ময়লা আবর্জনা হতে পরিচ্ছন্ন রাখা।

وَيُطَيَّبُ মসজিদে সুগন্ধি লাগায় মসজিদে বাখুর সুগন্ধি লাগানো বৈধ।

ইবনু আবী শায়বাত্ আছে, ইবনু যুবায়র যখন কা'বাঘর সংস্কার করেন তার দেয়ালের সাথে সুগন্ধির প্রলেপ দিয়েছিলেন।

মসজিদকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা যে মুস্তাহাব তা হাদীস প্রমাণ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55274>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন